৪১

দৈনিক ইনকিলাব

তারিখ ...AUG. 1 2 1999
পৃষ্ঠা ... কলাম ...



মুন্সিগঞ্জ ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে রাজপথে তৌহিদী জনতা একটি বিক্ষোভ মিছিল বের করে —ইনকিলাব

# মাদ্রাসা শিক্ষা বন্ধ ও কুরআনের অবমাননার প্রতিবাদে মুন্সিগঞ্জে বিক্ষোভ মিছিল

মুন্সিগঞ্জ জেলা সংবাদদাতা ঃ মুন্সিগঞ্জ সদর থানার রামপাল ইউনিয়নের তৌহিদী জনতা দেশের মাদ্রাসা এবং শিক্ষক বেতনের সরকারী অংশ বন্ধ, দেশের বিভিন্ন স্থানে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল এবং প্রতিবাদ সভার আয়োজন করে। মিলকিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে হাজী ছিদ্দিক মণ্ডলের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সাঈদ মোস্তফা হাছান, মাওলানা আনোয়ার হোসাইন, মাওলানা আবদুল সোবাহান সাহেব, মাওলানা সোহরাব হোসাইন, মাওলানা আঃ মান্নান ও আবদুর রাজ্জাক। বক্তারা বলেন, সরকার পরিকল্পিতভাবে ইসলামী শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার জন্য চক্রান্ত করছে। এই সরকার ইসলামকে বিতাড়িত করার জন্য পাঁয়তারা করছে। সরকারের এই হীন চক্রান্তের বিরুদ্ধে দেশের তৌহিদী জনতাকে সজাগ থাকতে হবে।